بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

**Press Release**

September 5, 2012

**Bangladesh Foreign Minister held a meeting with US Acting Secretary of State**

Bangladesh Foreign Minister Dr. Dipu Moni, MP, today (5 September 2012) had a meeting with the US Acting Secretary of State William J Burns.

At the hour long meeting at the US State Department, both leaders discussed issues of mutual interests such as bilateral trade and investment, development, energy and security sector cooperation and the upcoming Partnership Dialogue.

Referring to the trial of the self-confessed killers of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the presence of killer Rashed Chowdhury in the USA, the Bangladesh Foreign Minister stressed that the 'land of freedom' should not be used as a safe haven by any killer. She sought US cooperation for an expeditious removal of Rashed Chowdhury from the USA and handing over to the Bangladesh authorities so that he could be subjected to the Court. Secretary Burns assured the Bangladesh Minister a serious review of the issue.

Regarding Bangladesh's garments export to the USA, Dr. Dipu Moni noted that the duty free and quota free market access for the Asian LDCs including Bangladesh would significantly contribute to the expansion of their trading ties with the USA. Secretary Burns hoped that the Trade and Investment Framework Cooperation Agreement (TICFA) that Bangladesh and the USA hope to conclude soon would provide a framework to look into and duly address the high tariff issue. Both sides expressed hope that the remaining issue surrounding TICFA would be worked out soon. As suggested by the US side during Secretary Clinton's visit to Dhaka, Dr. Dipu Moni and Secretary Burns agreed that experts from both sides would dwell on the issue of Bangladesh's inclusion in the Millennium Challenge Account at the ensuing first ever meeting of Bangladesh-US partnership dialogue.

Secretary Burns highly lauded Bangladesh's impressive development journey and mentioned of the initiatives from the Government of Prime Minister Sheikh Hasina to improve ties with the neighbouring states that complements regional connectivity. Regarding the US concern over the Grameen Bank issue, the Bangladesh Foreign Minister informed Mr. Burns that the government of Prime Minister Sheikh Hasina is committed to protecting the interests of millions of women borrowers of this Nobel Prize winning institution. Foreign Minister Dr. Moni asserted that Grameen Bank has now been functioning legally and more efficiently than ever before.

Both leaders were upbeat about a very successful outcome of the Bangladesh-USA partnership dialogue slated for later this month. Bangladesh Ambassador to the USA Mr. Akramul Qader, Assistant Secretary of Bureau of South and Central Asian Affairs Ambassador Robert O Blake, senior officials from Bangladesh foreign office and Embassy in the USA were also present at the meeting.

Later in the day the Assistant US Trade Representative for South Asia Mr. Michael J. Delaney called on the Bangladesh Foreign Minister at her hotel suite. At the call-on pertinent trade related issues such as Bangladesh garments export, GSP facilities in the US market, welfare of RMG workers, signing of TICFA etc came up. The Bangladesh Foreign Minister stressed the need for due recognition to be given to Bangladesh for achievements made by the latter in areas of democracy, rule of law, economy, human rights, human development, environment, women empowerment, relations with neighbours, active participation in global peace building despite multiple challenges. Mr. Delaney shared with the Foreign Minister some ideas and country practices who concluded TICFA with the USA and the scope of the two trading nations to work together in future.

---

**Contact:** Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : bdoot_pwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail
:bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

<u>প্রেস বিজ্ঞপ্তি</u>

৫ সেপ্টেম্বর, ২০১২

**পররাষ্ট্রমন্ত্রী ডঃ দীপু মনির সাথে মার্কিন ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**

আজ, ৫ সেপ্টেম্বর ২০১২, পররাষ্ট্রমন্ত্রী ডঃ দীপু মনি, এম.পি. এবং মার্কিন ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী উইলিয়াম জে বার্নস এর সাথে মার্কিন পররাষ্ট্র দপ্তরে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এক ঘন্টাব্যাপী এ বৈঠকে উভয় নেতা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় যেমন ঃ দ্বিপাক্ষিক বানিজ্য ও বিনিয়োগ, উন্নয়ন, জ্বালানী শক্তি এবং নিরাপত্তা ক্ষেত্রে সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মস্বীকৃত খুনী রাশেদ চৌধুরীর যুক্তরাষ্ট্রে অবস্থানের বিষয়টি নিয়ে পররাষ্ট্রমন্ত্রী মার্কিন ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, ব্যক্তি স্বাধীনতা প্রদানে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রচলিত আইনের সুযোগ নিয়ে আত্মস্বীকৃত খুনিরা যুক্তরাষ্টকে তাদের বসবাসের জন্য স্বর্গরাজ্যে পরিনত করতে সচেষ্ট রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, যুক্তরাষ্ট্র শীঘ্রই খুনী রাশেদ চৌধুরীকে বাংলাদেশের কাছে সমর্পন করবে, যেন বাংলাদেশের প্রচলিত আইনের আওতায় তার শাস্তি প্রদান করা সম্ভব হয়। পররাষ্ট্রমন্ত্রী জনাব বার্নস এ বিষয়টি গুরুত্বের সাথে দেখবেন বলে পররাষ্টমন্ত্রীকে আশ্বস্ত করেন।

বৈঠকে বাংলাদেশের তৈরী পোশাক রফতানীর বিষয়ে উভয় নেতা আলোচনা করেন। ডঃ দীপু মনি বলেন, বাংলাদেশসহ এশিয়ান স্বল্পোন্নত দেশগুলোর জন্য মার্কিন বাজারে শুল্ক ও কোটামুক্ত প্রবেশাধিকার দেশগুলোর সাথে মার্কিন বানিজ্যের সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন করবে। এ প্রসংগে পররাষ্ট্রমন্ত্রী বার্নস বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে টিকফা ( TICFA) চুক্তিটি দ্রুত সম্পাদনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এ চুক্তির আওতায় মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের উচ্চ শুল্কহারের বিষয়টি পুনর্বিবেচনা করা সম্ভব হতে পারে। বৈঠকে উভয় পক্ষ টিকফা সম্পাদনে যে মতভেদ রয়েছে তা অচিরেই দূর হবে বলে আশা প্রকাশ করেন ।

বৈঠকে মিলেনিয়াম চ্যালেঞ্জ একাউন্টে বাংলাদেশের অর্ন্তভূক্তির বিষয়টি নিয়ে আলোচনা হয়। জনাব বার্নস বলেন, হিলারী ক্লিনটনের ঢাকা সফরের সময় মিলেনিয়াম চ্যালেঞ্জ একাউন্টে বাংলাদেশের অন্তর্ভূক্তির বিষয়ে যে অগগতি হয়, তার ধারাবাহিকতায় উভয় দেশের বিশেষজ্ঞগণ এ নিয়ে আরো ঘনিষ্ঠভাবে কাজ করার সুযোগ রয়েছে। সেক্রেটারী বার্নস বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রার ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন , প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে প্রতিবেশী দেশগুলোর সাথে সর্ম্পকোন্নয়নে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

পররাষ্ট্রমন্ত্রী জনাব বার্নসকে গ্রামীন ব্যাংক সর্ম্পকে বাংলাদেশ সরকারের অবস্থান ব্যাখ্যা করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নোবেলবিজয়ী প্রতিষ্ঠানটির অসংখ্য নারী ঋণগ্রহীতার স্বার্থসংরক্ষণে বদ্ধপরিকর। তিনি বলেন, গ্রামীন ব্যাংক বর্তমানে সংস্থাটির আইন ও বিধি অনুসারে পরিচালিত হচ্ছে। অতীতের যে কোন সময়ের তুলনায় বর্তমানে প্রতিষ্ঠানটি অধিকতর দক্ষ প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

বৈঠকে উভয় নেতা এ মাসের শেষের দিকে অনুষ্ঠিতব্য বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্র পার্টনারশীপ ডায়ালগের সফলতা সম্পর্কে জোর আশাবাদ ব্যক্ত করেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের, মার্কিন পররাষ্ট্র দফতরের সাউথ ও সেন্ট্রাল এশিয়া বিষয়ক ব্যুরোর সহকারী সচিব রাষ্ট্রদূত রবার্ট ও ব্লেক, বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এবং ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তাগণ এ বৈঠকে অংশগ্রহন করেন।

অপরাহ্নে দক্ষিণ এশিয়া বিষয়ক মার্কিন বাণিজ্য প্রতিনিধি জনাব মাইকেল জে. ডিলানী পররাষ্ট্রমন্ত্রীর হোটেল কক্ষে তাঁর সাথে সাক্ষাৎ করেন। সাক্ষাতে বাংলাদেশ-মার্কিন যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক বানিজ্যিক সম্পর্কের বিভিন্ন বিষয় যেমনঃ যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরী পোশাক রফতানী, জিএসপি সুবিধা, তৈরী পোশাক শ্রমিকদের কল্যাণে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ এবং টিকফা চুক্তি স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। পররাষ্ট্রমন্ত্রী বলেন, গণতন্ত্র, আইনের শাসন প্রতিষ্ঠা, অর্থনৈতিক উন্নয়ন, মানবাধিকার, মানব উন্নয়ন, পরিবেশ বিপর্যয় রোধ, নারীর ক্ষমতায়ন এবং বিশ্ব শান্তি রক্ষায় বাংলাদেশের আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনেক অর্জন রয়েছে। জনাব ডিলানী মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে বিভিন্ন দেশের সম্পাদিত টিকফা চুক্তির অভিজ্ঞতার উপর আলোকপাত করেন। তিনি বলেন, এ চুক্তির আওতায় দ্বিপাক্ষিক বানিজ্য সম্পর্কোন্নয়নে দু'দেশের একযোগে কাজ করার অনেক সুযোগ সৃষ্টি হবে।

---

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ bdoot_pwash@yahoo.com